



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০  
০৬ আগস্ট ২০২৩


**বিজ্ঞপ্তি**

আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার 'জাতীয় শোক দিবস ২০২৩' এবং স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকীতে কর্পোরেশন ও কর্পোরেশনের সাবসিডিয়ারি কোম্পানিসমূহ কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে:

তারিখ	সময়সূচি	অনুষ্ঠানের বিবরণ ও স্থান	বাস্তবায়নকারী
০৬ আগস্ট, ২০২৩	-	মাসব্যাপী সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কালো ব্যাজ ধারণ।	ইন্স্টাবলিশমেন্ট ডিভিশন
	-	মাসব্যাপী আইসিবির ওয়েবসাইটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ওয়েব ব্যানার প্রদর্শন।	প্রোগ্রামিং ডিপার্টমেন্ট
	-	'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে কর্পোরেশনের ওয়েবসাইটে শোক বার্তা প্রকাশ।	প্রোগ্রামিং ডিপার্টমেন্ট
	-	'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ।	পাবলিক রিলেশনস ডিপার্টমেন্ট
	-	ভবনের নীচে ও কর্পোরেশনের বিভিন্ন ফ্লোরে পোস্টার, ফেস্টুন ও ব্যানার স্থাপন।	ইন্স্টাবলিশমেন্ট ডিভিশন
১৫ আগস্ট ২০২৩ (মঙ্গলবার)	সকাল ৮:০০ ঘটিকা	জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	
	সকাল ৮:১০ ঘটিকা	স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন। স্থান: বঙ্গবন্ধু কর্নার, লেভেল-২০, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।	
	সকাল ৯:০০ ঘটিকা	পবিত্র কোরআন খতম এবং ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে বঙ্গবন্ধুসহ শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল। স্থান: মসজিদ, লেভেল-১৭, বিডিবিএল ভবন, ৮, রাজউক এভিনিউ, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।	ইন্স্টাবলিশমেন্ট ডিভিশন
	সকাল ৯:৩০ ঘটিকা	কর্পোরেশন ও কর্পোরেশনের সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কর্মচারীগণ কর্তৃক সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন (আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী)। স্থান: ৩২, ধানমন্ডি, ঢাকা।	
	দুপুর ১২:৩০ ঘটিকা	দুস্থ/দরিদ্র জনগোষ্ঠী/পথশিশুদের মধ্যে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক খাবার বিতরণ। স্থান: আইসিবি, প্রধান কার্যালয়, বিডিবিএল ভবনের নীচতলা।	ইন্স্টাবলিশমেন্ট ডিভিশন
	-	কর্পোরেশনের ডিজিটাল ডিসপ্লে বোর্ডে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও কর্মের উপর নির্মিত প্রামাণ্য চিত্র/ভাষণ প্রদর্শন-দিনব্যাপী।	প্রোগ্রামিং ডিপার্টমেন্ট
	-	আইসিবির প্রতিটি শাখা কার্যালয় কর্তৃক ফলজ ও বনজ বৃক্ষের চারা বিতরণ/রোপন এবং জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচির সাথে সমন্বয় রেখে জাতীয় শোক দিবস পালনে অংশগ্রহণ। বৃক্ষরোপণের আহবান জানিয়ে কর্পোরেশনের গ্রাহকগণের মোবাইল ফোনে ক্ষুদ্রে বার্তা প্রেরণ।	আইসিবি ও কোম্পানির শাখা কার্যালয়সমূহ
১৫ আগস্ট ২০২৩ (বৃহস্পতিবার)	বিকাল ৪:০০ ঘটিকা	বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরে আলোচনা সভা (সশরীরে/ভার্চুয়ালি)। মিটিং আইডি: 857 3377 4812 পাসকোড: icb15 স্থান: লেভেল- ১৫, বিডিবিএল ভবন, ৮, রাজউক এভিনিউ, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।	হার্ডওয়্যার এন্ড কমিউনিকেশন ডিভিশন
	-	এছাড়া, পরবর্তীতে সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা পরিপালন করা হবে।	-

• আলোচ্য কর্মসূচিসমূহ এতৎসংশ্লিষ্ট গঠিত কমিটির প্রত্যক্ষ তত্ত্বাবধানে নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হবে।

০২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

  
**(এস. এম. সিরাজুল ইসলাম)**  
 সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।